



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd



নং বামাশিবো/রিক/মধুপুর-টাঙ্গাইল-১৭৫/০২/১৯

তারিখ: ১৪/২/২০১৮

অফিস আদেশ

টাঙ্গাইল জেলার ধনবাড়ী উপজেলাধীন ধনবাড়ী ডাকঘরের অন্তর্গত ধনবাড়ী আলিম মাদ্রাসায় আলিম স্তরের একাডেমিক স্বীকৃতির মেয়াদ নিম্নবর্ণিত শর্তে ০১/০৭/২০১৬ তারিখ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য বৃদ্ধি করা হলো। মাদ্রাসার কোড: 12829, EIIN: 114419.

পালনীয় শর্তাবলী:

১. মন্ত্রণালয়ের নির্দেশ অথবা অন্য কোন ভাবে স্বীকৃতি স্থগিত বা বাতিল না হওয়া সাপেক্ষে মাদ্রাসা প্রধানের দরখাস্তের পরিশ্রেক্ষিতে দাখিল একাডেমিক স্বীকৃতির মেয়াদবৃদ্ধি করা হলো মাদ্রাসাটির স্বীকৃতি স্থগিত বা বাতিল হয়ে থাকলে স্বীকৃতির মেয়াদবৃদ্ধি সংক্রান্ত এ অফিস আদেশ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।
২. পাঠাগারে অনূন্য ২০০০ খানা বই থাকতে হবে এবং বর্তমান নবায়ন মেয়াদে আরও ১০,০০০ টাকার বই ক্রয় করতে হবে।
৩. মাদ্রাসার সকল শ্রেণির চূড়ান্ত পরীক্ষার ফলাফলের গুণগত ও সংখ্যাগত মান সন্তোষজনক হতে হবে।
৪. মাদ্রাসায় সহশিক্ষা ব্যবস্থা চালু থাকলে ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৫. জনবল কাঠামোর নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী আগামী তিন মাসের মধ্যে বিদ্যমান সকল শূন্য পদে শিক্ষক/শিক্ষিকা এবং কর্মচারী নিয়োগ সম্পন্ন করতে হবে।
৬. শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন মোতাবেক সকল শর্ত পূরণ থাকতে হবে। অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৭. মাদ্রাসা বোর্ডের পাবলিক সমাপনী ৫ম, জেডিসি (৮ম), দাখিল পরীক্ষায় অংশগ্রহণ ও ফলাফল সন্তোষজনক হতে হবে।
৮. মাদ্রাসার স্তরভেদে ক্যাম্পাসে ২৫০/৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
৯. প্রত্যেক শ্রেণিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
১০. বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠন করতে হবে/ থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মো: আবুল বাসার)

মাদ্রাসা পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

সুপারিনটেনডেন্ট/ অধ্যক্ষ

ধনবাড়ী আলিম মাদ্রাসা

ডাকঘর- ধনবাড়ী, উপজেলা- ধনবাড়ী, জেলা- টাঙ্গাইল।

নং বামাশিবো/রিক/মধুপুর-টাঙ্গাইল-১৭৫/০২/১৯

তারিখ: ১৪/২/২০১৮

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, রমনা, ঢাকা।
২. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল
৬. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।
৮. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৯. অফিস কপি।

(মো: হোসেন)

উপ-পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।